

2 FEB 2017
2

নিউইয়র্কে প্রথম স্থায়ী শহীদ মিনার নির্মিত হচ্ছে লাগোড়িয়া কলেজে

শহীদুল ইসলাম, যুক্তরাষ্ট্র

মহান একশের ভাষা শহীদদের অবগতি বাংলাদেশ শিক্ষার্থীদের উদ্যোগে যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে প্রথমবারের মতো নির্মিত হতে যাচ্ছে স্থায়ী শহীদ মিনার। সিটি ইউনিভার্সিটি অব নিউইয়র্কের লাগোড়িয়া কলেজে এ শহীদ মিনার নির্মাণের প্রয়োজনীয় উদ্যোগ নেওয়া হচ্ছে।

যুক্তরাষ্ট্রে নিউইয়র্কে বসবাসরত বাংলাদেশি কমিউনিটির দীর্ঘদিনের একটি স্থপ্তি ছিল স্থায়ী শহীদ মিনারের। কিন্তু নানা জটিলতায় সে স্থপ্তি আজে পূরণ হয়নি। সর্বশেষ যুক্তরাষ্ট্র ছাত্রলাইগের সভাপতি জাহিদ হাসান নিউইয়র্কের সিটি ইউনিভার্সিটি অফ নিউইয়র্ক-এর আওতাধীন লাগোড়িয়া কলেজের ছাত্র থাকা অবস্থায় স্টুডেন্ট গতনমেন্ট অ্যাসোসিয়েশনের মাধ্যমে স্থায়ী শহীদ মিনার নির্মাণের চেষ্টা চালান। কিন্তু তখন তিনি সফল হননি। কিন্তু দীর্ঘদিন পর সফল হতে চলেছেন ছাত্রলাইগ নেতা জাহিদ।

জাহিদ হাসান জানান, ইউনিভেসিটি কর্তৃক ভাষা শহীদদের অবদানের ধীরূপের জন্য ২১ ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মান্ডাভাষা দিবস পালনের গুরুত্বপূর্ণ তথ্য সংগ্রহ করে একটি প্রোফাইল তৈরি করি। লাগোড়িয়া স্টুডেন্ট গতনমেন্ট অ্যাসোসিয়েশনের সবার মধ্যে আলাপ আলোচনা করেও ব্যাখ্য হয়েছিলাম। কিন্তু আমি ছাশা ছাড়িনি। পরবর্তীকালে ছেট ভাই রায়হান মাহমুদ লাগোড়িয়া কলেজ স্টুডেন্ট গতনমেন্ট অ্যাসোসিয়েশনের গৰ্তন নির্বাচিত হলে তার কাছে শহীদ মিনার নির্মাণের গুরুত্ব স্বীকৃত স্বীকৃত স্বীকৃত অ্যাসোসিয়েশনের কাছে বিলটি নতুন করে প্রস্তাব করে। রায়হান মাহমুদ স্টুডেন্ট গতনমেন্ট অ্যাসোসিয়েশনের মধ্যে কাছে বিলটি নতুন করে প্রস্তাব করে।

এ প্রস্তাবে রায়হান মাহমুদ জানান, শহীদ মিনার নির্মাণের বিলটি স্টুডেন্ট গতনমেন্ট অ্যাসোসিয়েশনের কাছে প্রেরণ করার পর ২২ জন গতনমেন্টের মধ্যে ৮ জন গতনমেন্ট ওই প্রস্তাবে সম্মতি জানান এবং গত ২৫ জানুয়ারি বিলটি স্টুডেন্ট গতনমেন্টে পাস হয়। স্টুডেন্ট গতনমেন্ট অ্যাসোসিয়েশনের যে আটজন প্রতিনিধি প্রতাবিত বিলে সম্মত দিয়েছেন, তারা হলেন ফজলে রাবি, শেখ হাফিজ, জয়ি ফার্মার্জেজ, ইয়ং জো, ইয়ংগুর জিয়াও, জিয়ায়ন লি ও ইয়াইট বাউ। এরই মধ্যে শহীদ মিনার স্থাপনের জন্য খরচ বাবদ আট হাজার ডলার স্টুডেন্ট গতনমেন্ট অ্যাসোসিয়েশন থেকে অনুমোদন দেয়া হয়েছে। লাগোড়িয়া কমিউনিটি কলেজের ই' বিভিং এবং 'এম' বিল্ডিংয়ের মাঝে খোলা চতুরে ১০ ফুট দৈর্ঘ্য ও ১০ ফুট প্রস্তের স্থায়ী শহীদ মিনারটি তৈরি হবে বলে জানা গেছে।

উল্লেখ্য, বাংলা ভাষাকে রাষ্ট্রভাষা করার দাবিতে ১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারি আত্মাদানকারী শহীদদের ধীরূপ স্বৰূপ ১৯৯৯ সালের ১৭ নভেম্বর ইউনিভেসিটি ২১ ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মান্ডাভাষা দিবস হিসেবে মোৰ্চণ করে। এরপর কানাডাসহ পৃথিবীর বিভিন্ন দেশে শহীদ মিনার নির্মিত হয়। এরই ধারবাহিকতায় এবার ঢাকার কেন্দ্রীয় শহীদ মিনারের আদলে নিউইয়র্কে নির্মিত হতে যাচ্ছে স্থায়ী শহীদ মিনারটি।